গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ১২ সেপ্টেম্বর ২০২১ বিকাল: ০৩:০০ ঘটিকা।
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)।

**সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাংলাদেশে সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রমের সমন্বয় করা হয়। সিআরভিএস এর কর্মকান্ড বাস্তবায়নে বিভিন্ন বিভাগ/ দপ্তর/সংস্থাসমূহ আরো আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব, সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে গত ২৫ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ০২ জুন ২০২১ তারিখে সদস্যগণের বরাবর প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ জানান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত: ২.১।** সিআরভিএস বাস্তবায়ন কমিটির ২৫ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | ৪.১। বিবাহ ও তালাক নিয়ে পূর্বে যে সফটওয়্যারটি স্বল্প পরিসরে পাইলটিং হয়েছিল সেটি আরো কয়েকটি জেলায় দ্রুত পাইলটিং করার বিষয়ে আইন ও বিচার বিভাগ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করতে পারে। | বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত প্রকল্পটি অনুমোদন হলে পূর্বে স্বল্প পরিসরে পাইলটকৃত সফটওয়্যারটির আর ব্যবহারের প্রয়োজন হবে না। বর্ণিত প্রকল্পের মাধ্যমে সারা দেশে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত সফটওয়্যার চালু করা হবে মর্মে আইন ও বিচার বিভাগ থেকে জানানো হয়। |
| ২। | ৪.২। সিআরভিএস সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত সফটওয়্যার ডেভেলপম্যান্ট এর সময় এন্ড্রয়েড এবং আইওএস দুই প্লাটফর্মে যাতে চলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট ডাটাবেইজ সরকারের সার্ভারে রাখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পেমেন্ট সংক্রান্ত বিষয়টি রিভাইজড ডিপিপিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত সফটওয়্যার এন্ড্রয়েড এবং আইওএস দুই প্লাটফর্মে চলার উপযোগী করে ডেভেলপ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিজস্ব সার্ভার থাকায় সেখানে প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত ডাটাবেইজ রাখা হবে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৩। | ৪.৩। জন্ম ও মৃত্যু সনদে ইউআইডি ব্যবহার, ব্যানবেইসকে ইউআইডিসহ স্টুডেন্টের প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং অন্যান্য দপ্তর সংস্থার সাথে interoperability এবং integration স্থাপনের জন্য বিধিমালা সংশোধনের পূর্বে প্রশাসনিক আদেশ এর মাধ্যমে সমস্যার সমাধান করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিধিমালা সংশোধনের পূর্বে জন্ম ও মৃত্যু সনদে ইউআইডি ব্যবহার সংক্রান্ত সমস্যার সমাধানের নিমিত্ত প্রশাসনিক আদেশ জারির জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক গত ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |

**০৪। আলোচ্য বিষয়-০৩: গত ২৪ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | **৩.১।** ESCAP এর Regional Action Framework (RAF) এর টার্গেট অনুসারে ২০২১ এর মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং মৃত্যুর কারণ নির্ধারণ সংক্রান্ত তথ্য থেকে Vital Statistics প্রণয়নের বিষয়ে আগামী তিন মাসের মধ্যে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর এবং মহাপরিচালক, বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিসটিক্স সম্মিলিত ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | আলোচনায় অংশগ্রহণ করে জনাব মঈন উদ্দিন, কান্ট্রি কোর্ডিনেটর, ভাইটাল স্ট্র্যাটেজিস জানান যেহেতু বাংলাদেশে সমস্ত জনসংখ্যার জন্ম ও মৃত্যুর Completeness rate এখনো অর্জন করা সম্ভব হয়নি তাই তা থেকে Vital Statistics প্রণয়নে কিছুটা সময় লাগবে। তবে বর্তমানে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক BDRIS এর তথ্য থেকে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে। |
| ২। | **৩.২।** সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির ৬ষষ্ঠ সভার সিদ্ধান্ত অনুসারে আগামী তিন মাসের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিধিমালা সংশোধনের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিধিমালা সংশোধনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক একাধিক সভা করা হয়েছে। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা করে মতামত গ্রহণের মাধ্যমে তা চূড়ান্ত করা হবে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে জানানো হয়েছে। |
| ৩। | **৪.১।** সভায় আলোচ্য বিষয়সহ জন্ম সনদে ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন এবং synchronization করার সুনির্দিষ্ট প্রস্তাব আগামী ০৭ দিনের মধ্যে প্রস্তুত করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে গত ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে একটি প্রস্তাবনা পাওয়া গেছে। প্রস্তাবনাটি সিদ্ধান্তে উল্লিখিত প্রস্তাবের সাথে সংগতিপূর্ণ না হওয়ায় একটি সভা আয়োজনের মাধ্যমে সুনির্দিষ্ট প্রস্তাব প্রস্তুত করা হবে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে জানানো হয়। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৪। | ৪.২। ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবেলিটি স্থাপন এবং synchronization সংক্রান্ত প্রস্তাব নিয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অতিদ্রুত একটি সভা করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সিদ্ধান্ত অনুসারে ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবেলিটি স্থাপন এবং synchronization করার সুনির্দিষ্ট প্রস্তাব রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় থেকে পাওয়ার পর বর্ণিত বিষয়ে সভা আয়োজন করা হবে। |
| ৫। | ৪.৩। Health Id সহ সিআরভিএস সংশ্লিষ্ট সকল আইডি এর সাথে ইউআইডি ব্যবহার করার বিষয়ে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য গত ১৯ আগস্ট ২০২১ তারিখের ১৮১ নম্বর স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সংশ্লিষ্ট দপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৬। | ৫.১। ESCAP এর Regional Action Framework (RAF) এর টার্গেট 3C, 3D, এবং 3E অর্জনে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্রশিক্ষণ ও মনিটরিং এর মাধ্যমে টার্গেট অর্জনের কার্যক্রম জোরদার করা হয়েছে যা COVID-19 পরিস্থিতির কারণে কিছুটা বাধাগ্রস্থ হয়েছিল মর্মে স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে। |
| ৭। | ৫.২। হাসপাতালে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যুর অন্তর্নিহিত কারণ নির্ণয় সংক্রান্ত Medical Certification of Cause of Death (MCCOD) এর তথ্য সঠিক সময়ে DHIS2 তে প্রেরণ এবং ডাটা কোয়ালিটি নিশ্চিত করার বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্রস্তাবিত ১৭ টি হাসপাতালের মধ্যে ১৫টি হাসপাতালে ToT সম্পন্ন হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব হাসপাতাল ফরিদপুর, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল ব্রাহ্মণবাড়িয়া এবং মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস প্রকল্পের মাধ্যমে কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল রাজারবাগ, ঢাকা এর সকল চিকিসৎককে MCCOD এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে। । |
| ৮। | ৫.৩। নিজ বাড়িতে মৃত্যুবরণকারী ব্যক্তির মৃত্যুর কারণ নির্ধারণের জন্য Verbal Autopsy (VA) এর মাধ্যমে সংগৃহিত তথ্যের ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড অনুসারে এনালাইসিস এবং রিপোর্ট প্রণয়নের বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্রস্তাবিত ৫টি উপজেলার মধ্যে ৪টি উপজেলায় VA প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে, বান্দরবনের রুমা উপজেলায় খুব শিঘ্রই প্রশিক্ষণ সম্পন্ন করা হবে মর্মে স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে। । |
| ৯। | ৬.১। আগামী ১৬-১৯ নভেম্বর ২০২১ তারিখে জাতিসংঘের অন্যতম সংস্থা ESCAP কর্তৃক আয়োজিত 2nd Ministerial Conference এ সিআরভিএস সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের লিড এজেন্সি হিসাবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়ের অনলাইনে উপস্থিত থাকার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | স্থানীয় সরকার বিভাগের পক্ষ থেকে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১০। | ৭.১। সভায় আলোচ্য বিষয়সহ সিআরভিএস বাস্তবায়ন কমিটির পরামর্শ অনুসারে ESCAP এর সহযোগিতায় "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" সম্পন্ন করার বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিসটিক্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | "সিআরভিএস ইনইকুয়েলিটি এসেসমেন্ট" করার বিষয়ে ESCAP এর পক্ষ থেকে বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিসটিক্স এর সাথে ইমেইলে যোগাযোগ হয়েছে এবং আগামী ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে একটি অনলাইন সভা অনুষ্ঠিত হবে মর্মে বাংলাদেশ ব্যুরো অফ স্ট্যাটিসটিক্স এর পক্ষ থেকে জানানো হয়। |
| ১১। | ৮.১। "সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং" কমিটি এর পরিবর্তিত নাম "সিআরভিএস টাস্কফোর্স" প্রজ্ঞাপন জারির জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

**সিদ্ধান্ত: ৪.১।** সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির বিগত সভার স্বাস্থ্য অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় অনুশাসন প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করবে।

**০৫। আলোচ্যসূচি-০৪: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

আলোচনায় অংশ গ্রহণ করে আইন ও বিচার বিভাগ এর প্রতিনিধি জানান যে "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত প্রকল্পটি অনুমোদনের জন্য ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সফটওয়ার ডেভলপমেন্টের সময় বাল্য বিবাহ প্রতিরোধে বয়স প্রমাণের জন্য অনলাইন জন্ম সনদ যাচাই একইসাথে BDRIS এবং NID সিস্টেমের সাথে ইন্টারঅপারেবিলিটি স্থাপন এবং synchronization করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। এ বিষয়ে বাস্তবায়ন কমিটির পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের উপর সভায় আলোচনা করা হয়।

আলোচনায় অংশগ্রহণ করে জাতীয় পরিচয়পত্র অনুবিভাগের মহাপরিচালক জানান যে অনলাইন মৃত্যু সনদ প্রদানের সাথে সাথে মৃত ব্যক্তির তথ্য এনআইডি সিস্টেমে পাঠানো হলে সেই সিস্টেমটি হালনাগাদ করা সহজ হবে। অনলাইন মৃত্যু সনদ প্রদানের সাথে সাথে মৃত ব্যক্তির মৃত্যু সংক্রান্ত তথ্য BDRIS থেকে NID সিস্টেমে পাঠানোর বিষয়ে জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ এবং রেজিস্ট্রার জেনারেল তাদের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়।

জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়টির গুরুত্ব সাধারণ জনগণের নিকট তুলে ধরার জন্য রেডিও, টেলিভিশন এবং অন্যন্য মিডিয়ায় নিয়মিত প্রচারের ওপর সভাপতি গুরাত্বরোপ করেন।

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর সংশোধনের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক একাধিক সভা করা হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রস্তাবিত স্ট্র্যাটেজিতে বিধিমালা সংশোধন সংক্রান্ত আরো কিছু সুপারিশ থাকবে যে গুলোকে বিধিমালায় অন্তর্ভুক্ত করে সংশোধন করা হবে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভাকে জানান। বিধিমালা সংশোধনের কার্যক্রম অতিদ্রুত সমাপ্ত করার বিষয়ে সভায় সকল সদস্য একমত পোষণ করেন। সভাপতি জানান যে বিধিমালা সংশোধনের জন্য বর্তমান যে বিধি গুলো পরিবর্তন করা হবে তার একটি তুলনামূলক

বিবরনী এবং যে সকল নতুন প্রস্তাব গ্রহণ করা হবে তার বিবরণ সংশোধনী প্রস্তাব প্রেরণের পূর্বে সংশ্লিষ্টদের জানা থাকা প্রয়োজন। উক্ত বিবরণী মন্ত্রিপরিষদ বিভাগের সাথে শেয়ার করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০২৪ সালের মধ্যে ১০০ ভাগ জন্ম ও ৫০ ভাগ মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার বিষয়টি নিয়মিত মনিটরিং করা হচ্ছে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন। বিশেষ করে প্রতি দুই মাস অন্তর মন্ত্রিপরিষদ বিভাগে আয়োজিত বিভাগীয় কমিশনার সম্মেলনের আলোচ্যসূচিতে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়টি অন্তর্ভুক্ত থাকায় লক্ষ্যমাত্রা অনুযায়ী বেশ কয়েকটি জেলা নিবন্ধন কার্যক্রমে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। আলোচনায় অংশগ্রহণ করে এটুআই প্রকল্পের পলিসি এডভাইজার জানান যে সুরক্ষা apps এর মত সংশ্লিষ্ট সকলের জন্য উন্মুক্ত BDRIS এর একটি ড্যাশবোর্ড থাকলে ইউনিয়ন এবং উপজেলা, জেলা এবং বিভাগীয় পর্যায়ে যারা কাজ করছে তাদের মধ্যে একটি প্রতিযোগিতার মনোভাব তৈরি হবে। সংশ্লিষ্ট সকলের মনিটরিং এর জন্য BDRIS এর একটি real time ড্যাশবোর্ড তৈরির বিষয়ে সভার সদস্যগণ একমত পোষণ করেন। তিনি আরো জানান যে গত ২৪ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত-৪.২ অনুসারে ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবেলিটি স্থাপন এবং Synchronization সংক্রান্ত প্রস্তাব চূড়ান্ত করার জন্য জরুরী ভিত্তিতে একটি সভা আয়োজন করা প্রয়োজন।

জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত BDRIS সফটওয়ার তৈরিকারী ভেন্ডর Reve System এর সাথে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের চুক্তির মেয়াদ বেশ কয়েক মাস পূর্বে শেষ হয়ে গেলেও BDRIS সফটওয়ারটি উক্ত কার্যালয় কর্তৃক এখনো পর্যন্ত বুঝে নেওয়া হয়নি মর্মে সভায় জানানো হয়। BDRIS সফটওয়াটি জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য অপরিহার্য বিধায় এটি যথাযথ ভাবে চালু রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্ত: ৫.১।** অনলাইন মৃত্যু সনদ প্রদানের সাথে সাথে মৃত ব্যক্তির মৃত্যু সংক্রান্ত তথ্য BDRIS থেকে এনআইডি সিস্টেমে পাঠানোর বিষয়ে জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ এবং রেজিস্ট্রার জেনারেল তাদের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.২।** জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়টির গুরুত্ব সাধারণ জনগণের নিকট তুলে ধরার জন্য রেডিও, টেলিভিশন এবং অন্যান্য মিডিয়ায় নিয়মিত প্রচারের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৩।** রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক আগামী দুইমাসের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিধিমালা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৪।** বিধিমালা সংশোধনের জন্য বর্তমান বিধির কোন কোন অংশ পরিবর্তন করা হবে তার একটি তুলনামূলক বিবরণী এবং যে সকল নতুন প্রস্তাব গ্রহণ করা হবে তার বিবরণী মন্ত্রিপরিষদ বিভাগের সাথে শেয়ার করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৫।** সংশ্লিষ্ট সকলের মনিটরিং এর জন্য BDRIS এর একটি real time ড্যাশবোর্ড তৈরির বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৬।** স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত-৪.২ অনুসারে ইউনিক আইডি ব্যবহার এবং এনআইডি এর সাথে জন্ম নিবন্ধনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন এবং synchronization সংক্রান্ত প্রস্তাব চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্টদের নিয়ে আগামী ৭ দিনের মধ্যে একটি সভা আয়োজনের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৭।** জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত BDRIS সফটওয়ারটি Reve System এর নিকট হতে আগামী দুই মাসের মধ্যে বুঝে নেওয়া এবং জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য এটি যথাযথ ভাবে চালু রাখার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোঃ কামাল হোসেন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।